মন্ত্রণালয়/বিভাগ: নৌপরিবহন মন্ত্রণালয়

মাসের নাম: নভেম্বর-২০২০ খ্রিঃ।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		গত মাসের জের	মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ *	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্তযোগে	অনলাইনে						
১	২	৩	৪	৫	৬	৭	৮
০২	৬	১৭	৮	০৩	১। জনাব মোঃ জাহিদুল ইসলাম, পরিবহন পরিদর্শক এবং মোঃ মাঈন উদ্দিন, বার্দিং সারেং, ভৈরব বাজার নদী বন্দর, ভৈরব, বিআইডব্লিউটিএ, আশুগঞ্জসহ ৪/৫ জনের বিরুদ্ধে ভৈরব-আশুগঞ্জ নদী এলাকার বিভিন্ন ঘাটে নৌকা, বালিবাহী বোট, মালবাহী ও তেলবাহী নৌযানে দীর্ঘ দিন যাবৎ চাঁদা আদায় করছে মর্মে আশুগঞ্জ-ভৈরব নৌযান শ্রমিক ইউনিয়নের পক্ষে জনাব মোঃ শাহাব উদ্দিন কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর গত ২৬/০৮/২০২০ইং তারিখে অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৭৮৩/২০২০ তারিখঃ ১৫/১০/২০২০ইং দ্বারা জনাব মোঃ গোলাম মোস্তফা, উপ-পরিচালক, ল্যান্ড এ্যান্ড এস্টেট বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কর্মকর্তা তদন্তকালে জনাব মোঃ শাহাবউদ্দিন নামে কোন ব্যক্তির অস্তিত্ব খুঁজে পাননি এবং উক্ত অভিযোগের বিষয়ে কোনরুপ সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়। প্রতিবেদনটি অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করা হয়েছে। ২। বিআইডব্লিউটিএ'র নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের পাইলট মোঃ জাকির হোসেন গত ১১/০৫/২০২০ইং তারিখে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর প্রেক্ষিতে চাকুরীর পেনশন ও অন্যান্য পাওনাদির টাকা তাঁর স্ত্রী মোসাঃ সালমা আক্তার এর পরিবর্তে তাঁর পিতা- মোঃ আব্দুল খালেক ও মাতা- মোসাঃ হোসনেয়ারা বেগম-কে প্রদানের অনুরোধ জানিয়ে গত ২৫/০৮/২০২০ইং তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর একটি আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়টি যাচাই করার লক্ষ্যে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৭৪৯/২০২০ইং তারিখঃ ০৮/১০/২০২০ইং দ্বারা জনাব মোহাম্মদ নাহিদ হোসেন, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। উক্ত তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মরহুম জাকির হোসেন, পাইলট এর পেনশন ও অন্যান্য পাওনাদির বিষয়ে তাঁর পিতা-মোঃ আব্দুল খালেক ও মাতা-মোসাঃ হোসনেয়ারা বেগম এবং স্ত্রী মোসাঃ সালমা আক্তারের মধ্যে সম্পাদিত আপোষনামা বিআইডব্লিউটিএ বরাবর দাখিল করা হলে সে	২২	নৌপরিবহন মন্ত্রণালয়ের ৬টি, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর ২টি, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ (বাস্থবক) এর ১২টি এবং নৌপরিবহন অধিদপ্তরের ২টি অনিষ্পত্তিকৃত অভিযোগ রয়েছে। অনিষ্পত্তিকৃত অভিযোগের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।

					মোতাবেক পেনশন ও অন্যান্য পাওনাদির টাকা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে উল্লেখ করা হয়। উক্ত প্রতিবেদনের সুপারিশ অনুসারে আপোষনামা দাখিলের পর মৃত মোঃ জাকির হোসেন, সাবেক পাইলট এর পেনশন ও অন্যান্য পাওনাদি পরিশোধ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ পূর্বক বিষয়টি অভিযোগ নিষ্পন্নকারী কর্তৃক নিষ্পন্ন করা হয়েছে। ৩। পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাহেরচর লঞ্চঘাটের পন্টুনটি রাস্তার সন্নিকটে স্থাপন এবং ঢাকা-পটুয়াখালী নৌ-পথে চলাচলকারী লঞ্চ যাতে উক্ত ঘাটে ভিড়ে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে এলকাবাসীর পক্ষে জনাব মোঃ সেলিম হাওলাদার, সদস্য, ১নং ওয়ার্ড, কাছিপাড়া ইউনিয়ন পরিষদ কর্তৃক বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান বরাবর একটি আবেদন করা হয়েছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ হতে বাহেরচর লঞ্চঘাট ধরে লঞ্চ পরিচালনার জন্য গত ০৮/১০/২০২০ইং ও ২৯/১০/২০২০ইং তারিখে সংশ্লিষ্ট লঞ্চ মালিক পক্ষ-কে নির্দেশনা দেয়া হয়েছে এবং আবেদনকারীর চাহিদা অনুযায়ী নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ হতে এসপি-১৪৩ পন্টুনটি পুনঃ মুরিং করে উপযুক্ত স্থানে স্থাপন করা হয়েছে। জনাব মোঃ সেলিম হাওলাদার এর আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত দুইটি বিভাগ কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার প্রেক্ষিতে নিষ্পন্নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করা হয়েছে।		

০৮/০১/২০২১

(এ. কে. এম শামিমুল হক ছিদ্দিকী)
অতিরিক্ত সচিব(সংস্থা-১)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোন: ৯৫১৪৮৮৫

* প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যেতে পারে।

* প্রয়োজনে পূর্ববর্তী মাসের জের হিসেবে কলাম সংযুক্ত করা যাবে।